নভেম্বরে ভারতে আসছেন বালেন্দ্র শাহ

কাঠমাণ্ডু, ১৫ অক্টোবর-- নভেম্বরের তৃতীয় বা চতুর্থ সপ্তাহে ভারতে আসতে পারেন নেপালের প্রধানমন্ত্রী বালেন্দ্র শাহ। একটি সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, আট মাস আগে প্রধানমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পর এটিই হতে চলেছে তাঁর প্রথম দ্বিপাক্ষিক বিদেশ সফর। সেই সফরের জন্য ভারতকে বেছে নেওয়াকে তাৎপর্যপূর্ণ বলে মনে করছে

কূটনৈতিক মহল। যদিও ভারত বা নেপাল, কোনও দেশের তরফেই এখনও আনুষ্ঠানিক ঘোষণা করা হয়নি। প্রধানমন্ত্রী হওয়ার পর বালেন্দ্রের সঙ্গে চিনের ঘনিষ্ঠতা বাড়ার জল্পনা তৈরি হয়েছিল। তবে পরবর্তী সময়ে ভারতের সঙ্গেও সুসম্পর্ক গড়ে তোলার উদ্যোগ নেন তিনি। ফলে প্রস্তাবিত এই সফরকে দুই প্রতিবেশী দেশের সম্পর্কের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে। গত আগস্টে নেপালে ভয়াবহ বন্যার পর ভারত দ্রুত ত্রাণসামগ্রী ও উদ্ধারকারী বিশেষজ্ঞ দল পাঠিয়েছিল। আসন্ন সফরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বালেন্দ্রের বৈঠক হতে পারে।

পাকিস্তানে স্কুলের ছাদ ভেঙে মৃত ২৯, নিহতদের মধ্যে ২৮ জনই পড়ুয়া

ইসলামাবাদ, ১৫ অক্টোবর-- পাকিস্তানের পেশোয়ারে একটি বেসরকারি স্কুলের ছাদ ভেঙে মৃত্যু হল অন্তত ২৯ জনের। নিহতদের মধ্যে ২৮ জন পড়ুয়া এবং এক জন শিক্ষিকা। মৃত শিশুদের সকলের বয়স ১৩ বছরের কম বলে জানা গিয়েছে। বৃহস্পতিবার খাইবার পাখতুনখোয়া প্রদেশের রাজধানী পেশোয়ারের ডির কলোনি এলাকায় এই মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। ধ্বংসস্তূপের নীচে আরও কয়েক জন পড়ুয়া ও স্কুলকর্মী আটকে থাকতে পারেন বলে আশঙ্কা করা হচ্ছে। ফলে মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে মনে করা হচ্ছে।

স্থানীয় প্রশাসন সূত্রে খবর, ঘিঞ্জি এলাকায় অবস্থিত স্কুলটির ছাদ আচমকাই ভেঙে পড়ে। সেই সময়ে স্কুলের ভিতরে বহু পড়ুয়া ও কর্মী ছিলেন। দুর্ঘটনার খবর পেয়েই উদ্ধারকাজে হাত লাগান স্থানীয় বাসিন্দারা। পরে ঘটনাস্থলে পৌঁছয় বিপর্যয় মোকাবিলা বাহিনী ও জরুরি পরিষেবা বিভাগের কর্মীরা। ধ্বংসস্তূপ সরিয়ে আটকে পড়া পড়ুয়াদের উদ্ধারের চেষ্টা চলছে। এই ঘটনায় ৪০ জনেরও বেশি মানুষ গুরুতর আহত হয়েছেন বলে জানা গিয়েছে।

আহতদের দ্রুত পেশোয়ারের লেডি রিডিং হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে সেখানে জরুরি অবস্থা জারি করা হয়েছে। হাসপাতালের মুখপাত্র মহম্মদ আসিম জানিয়েছেন, আহতদের চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। দুর্ঘটনার খবর ছড়িয়ে পড়তেই স্কুল চত্বর ও হাসপাতালের সামনে ভিড় জমান অভিভাবকেরা। প্রিয়জনদের খোঁজে তাঁদের উদ্বেগ ও উৎকণ্ঠা আরও বেড়েছে।

প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, স্কুল ভবনটি দীর্ঘদিনের পুরনো এবং কাঠামোগত ভাবে দুর্বল ছিল। তবে ঠিক কী কারণে ছাদটি ভেঙে পড়ল, তা এখনও স্পষ্ট নয়। ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের নির্দেশ দিয়েছেন পেশোয়ারের ডেপুটি কমিশনার আফাক ওয়াজির। ইতিমধ্যেই স্কুলের মালিককে গ্রেফতার করা হয়েছে। উদ্ধারকারী দলের প্রতিনিধি বিলাল ফৈজি জানিয়েছেন, ধ্বংসস্তূপের নীচে আটকে পড়া শিশুদের দ্রুত উদ্ধার করাই এখন প্রধান লক্ষ্য।

এই ঘটনায় গভীর শোকপ্রকাশ করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ। নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে আহতদের চিকিৎসায় প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন তিনি। খাইবার পাখতুনখোয়ার রাজ্যপাল ফৈসল করিম কুন্দিও দুর্ঘটনায় দুঃখপ্রকাশ করেছেন।

উল্লেখ্য, পাকিস্তানে দুর্বল পরিকাঠামো, নিম্নমানের নির্মাণসামগ্রী এবং পর্যাপ্ত নজরদারির অভাব নিয়ে দীর্ঘদিন ধরেই প্রশ্ন উঠছে। পেশোয়ারের এই দুর্ঘটনা ফের স্কুল ভবনের নিরাপত্তা ও নির্মাণের মান নিয়ে উদ্বেগ বাড়াল।

HDFC BANK

এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড

শাখা ঃ ৪, ম্যাঙ্গো লেন, ৬ষ্ঠ তল, সুরেন্দ্র মোহন ঘোষ সরণী, কলকাতা-৭০০০০১
ফোন ঃ (০৩৩)-৬৬০৮-৬২৩৪ CIN L65920MH1994PLC080618 ওয়েবসাইট ঃ www.hdfcbank.com

অধিগ্রহণের বিজ্ঞপ্তি

(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেট্স অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (''উক্ত অ্যাক্ট'')-এর অধীনে এবং উক্ত আইনের ধারা ১৩(১২) তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস্, ২০০২-এর রুল ৩-এর অধীনে ন্যস্ত ক্ষমতাবলে **এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড** (পূর্বতন এইচডিএফসি লিমিটেড যেটি ১৭ই মার্চ ২০২৩ তারিখে মহামান্য এনসিএলটি–মুম্বাইয়ের জারি করা আদেশবলে অনুমোদিত স্কিম অফ অ্যামালগামেশন-এর কারণে এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর সঙ্গে অ্যামালগামেটেড হয়েছে) **(এইচডিএফসি)**-এর অনুমোদিত অফিসার, উক্ত বিজ্ঞপ্তির/বিজ্ঞপ্তিসমূহের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে, উক্ত বিজ্ঞপ্তিসমূহে উল্লিখিতমতো প্রযোজ্য হারে উক্ত পরিমাণে ধার্য সুদ সমেত সংশ্লিষ্ট নামের বিপক্ষে, পেমেন্টের এবং/বা আদায়ের তারিখ পর্যন্ত ইন্সিডেন্টাল এক্সপেন্সেস, কস্টস্, চার্জেস ইত্যাদি সহ উল্লিখিত পরিমাণ পরিশোধের আহ্বান জানিয়ে নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ)/আইনি উত্তরাধিকারী(গণ) এবং আইনি প্রতিনিধি(গণ)কে উক্ত আইনের ধারা ১৩(২)-এর অধীনে ডিম্যান্ড নোটিস ইস্যু করেছেন।

ক্রঃ নং	ঋণগ্রহীতা(গণ)/আইনি উত্তরাধিকারী(গণ) এবং আইনি প্রতিনিধি(গণ)-এর নাম	বকেয়া পরিমাণ	ডিমান্ড নোটিসের তারিখ	অধিগ্রহণের তারিখ	স্থাবর সম্পত্তি(সমূহ)/সিকিওরড্ অ্যাসেট(সমূহ)-এর বিবরণ
১.	**ঋণগ্রহীতা ঃ** মি. রিন্টু কুমার	৩১.১২.২০২৫ তারিখে ১৭,৫৭,৬০১ টাকা	২৯.০১.২০২৬	১৩.১০.২০২৬ (প্রতীকী অধিগ্রহণ)	আবাসিক ফ্ল্যাটের সমগ্র অংশ, কার্পেট এরিয়ার পরিমাপ কমবেশি ৫৩৩ বর্গফুট (৪৯.৫২ বর্গমিটার), উত্তর-পশ্চিম দিকে, বিল্ডিংয়ের ৪র্থ তলে, যে জমিতে নির্মিত তার পরিমাপ কমবেশি ৫ কাঠা (৬৩২.৩ বর্গমিটার), কেএইচ-৫৬, জেএল-২০, মৌজা-সাতগাছি, আরএস নং ১৫৪, যার অধীনে বর্তমান দাগ-১৯১২ (পূর্বেকার নং ৪৬৫), বর্তমানে হোল্ডিং-৮৮০, যশোর রোড, জেলা-উত্তর ২৪ পরগনা, দক্ষিণ দমদম পৌরসভার অধীনে, এডিএসআর অফিস - বিধাননগর, থানা - লেক টাউন – ৭০০০৫৫, তৎসমেত কার পার্কিং স্পেস (যদি থাকে) এবং অবিভক্ত জমির আনুপাতিক অংশ এবং সেখানে স্থিত বর্তমানের ও ভবিষ্যতের নির্মাণ।
২.	**ঋণগ্রহীতা ঃ** মি. রবি শংকর প্রসাদ	৩০.১১.২০২৫ তারিখে ৬,৮৮,০৮৩ টাকা	২০.০১.২০২৬	১৩.১০.২০২৬ (প্রতীকী অধিগ্রহণ)	**''আনন্দমেলা আবাসন''** নামে পরিচিত বিল্ডিংয়ের বিএল-২/বি-তে পশ্চিম দিক অভিমুখী ব্লক ঃ ২/বি-তে ৫ম তলে পশ্চিম দিকে আবাসিক ফ্ল্যাট নং ঃ সি নামিত সম্পত্তির সমগ্র অংশ যার পরিমাপ ৭৪.৩২ বর্গমিটার, যে পরিসরে অবস্থিত তার নং ঃ আরজিএম-এএস-/৫২৬/বিএল-কেই/১৩-১৪, ব্লক ঃ কেই, সিএস দাগ ঃ ১৪০, খতিয়ান নং ঃ ৩৮৭, কৈখালি মৌজার অধীনে, ওয়ার্ড নং ১০, এয়ারপোর্ট থানার অধীনে, জেলা ঃ উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০০৫২, তৎসমেত অ্যালটেড কার পার্কিং স্পেসে (যদি থাকে) সকল অধিকার এবং জমির অবিভক্ত আনুপাতিক অংশ এবং সেখানে স্থিত বর্তমানের ও ভবিষ্যতের নির্মাণ।
৩.	**ঋণগ্রহীতা ঃ** মি. এন. সি. রায়	৩১.১২.২০২৫ তারিখে ৩,৯৪,১৯৩ টাকা	২১.০১.২০২৬	১৩.১০.২০২৬ (প্রতীকী অধিগ্রহণ)	একটি ইন্ডিপেন্ডেন্ট শপ রুম নং এস-১২ এর সমগ্র অংশ, **ফ্লোর-গ্রাউন্ড,** যার সুপার বিল্ট আপ এরিয়ার পরিমাপ কমবেশি ১৪০ বর্গফুট (১১ বর্গমিটার), যে বিল্ডিংয়ে স্থিত সেটি **নারায়ণী অ্যাপার্টমেন্ট** নামে পরিচিত, যে জমিতে নির্মিত তার পরিমাপ কমবেশি ৪ কাঠা ৫ ছটাক, যেখানে স্থিত ও রয়েছে, প্রেমিসেস নং জিএফ/১৪, রবীন্দ্র পল্লী, উত্তর ২৪ পরগনা জেলায়, কলকাতা-৭০০০৫৯, পশ্চিমবঙ্গ, বাগুইআটি থানার অধীনে, পুরনো থানা - রাজারহাট, মৌজা - জ্যাংড়া, জে.এল. নং ১৬, আর.এস. নং ১১৪, তৌজি নং ৩০২৭, যা সম্বলিত সি.এস. খতিয়ান নং ১৯৩, আর.এস. খতিয়ান নং ৫০৭, যা সম্পর্কিত সি.এস. দাগ নং ১৭২ এবং ১৭৩, আর.এস. দাগ নং ২১১ ও ২১২, বিধাননগর মিউনিসিপ্যাল কর্পোরেশনের (পূর্বে রাজারহাট গোপালপুর পৌরসভার) সীমার অন্তর্গত, ওয়ার্ড নং ১৬, তৎসহ কার পার্কিংয়ে সকল অধিকার, যদি থাকে, এবং জমির অবিভক্ত আনুপাতিক অংশ এবং সেখানে স্থিত বর্তমানের ও ভবিষ্যতের নির্মাণ (আলোচ্য সম্পত্তি)। পরিসরের চারদিকের পরিসীমা নিম্নরূপ ঃ উত্তরে–শ্রী দেবব্রত করের জমি ও বিল্ডিং, দক্ষিণে–হাতিয়ারা রোড, পূর্বে–শ্রী দেবব্রত করের জমি ও বিল্ডিং, পশ্চিমে ঃ ক্যানাল সাইড রোড।
৪.	**ঋণগ্রহীতা ঃ** মি. মুশা সানি **সহ-ঋণগ্রহীতা ঃ** সানি টেলিকম	৩১.০৩.২০২৬ তারিখে ৪৫,৬৭,৩৩২ টাকা	২৩.০৪.২০২৬	১৩.১০.২০২৬ (প্রতীকী অধিগ্রহণ)	একতলা পাকা আবাসিক বিল্ডিংয়ের সমগ্র অংশ, যার কভারড্ এরিয়ার পরিমাপ কমবেশি ১৫২৭ বর্গফুট (১৪১.৯১ বর্গমিটার), যে জমিতে নির্মিত তার পরিমাপ কমবেশি ১১.৩০ ডেসিমেল (৪৫৭.২৫ বর্গমিটার), যেখানে স্থিত এবং রয়েছে মৌজা-কায়েম্বা, জেএল নং ১৭১, রে.সা. নং ২৬৪, এলআর খতিয়ান নং ৯৯ (পুরনো), ৫৭৬ (নতুন), আরএস দাগ নং ৩২৮, এলআর দাগ নং ৩২৮/৭৪২, তৌজি নং ১৪৬, জেলা-উত্তর ২৪ পরগনা, থানা-মধ্যমগ্রাম, (পূর্বে থানা-বারাসত), কেমিয়া খামারপাড়া গ্রাম পঞ্চায়েত-এর অধীনে, এ.ডি.এস.আর. অফিস–বারাসত, পরগনা–আনওয়ারপুর, তৎসমেত জমির অবিভক্ত আনুপাতিক অংশ এবং সেখানে স্থিত বর্তমানের ও ভবিষ্যতের নির্মাণ (আলোচ্য সম্পত্তি)। পরিসরের চারদিকের পরিসীমা নিম্নলিখিত মতো ঃ উত্তরে–৪০ ফুট চওড়া বাদু রোড, দক্ষিণে ঃ গফ্ফর আলির জমি, পূর্বে ঃ দাগ নং ৩২৮-এ কালামুদ্দিনের জমি, পশ্চিমে ঃ ৮ ফুট চওড়া রাস্তা এবং গফ্ফর আলি।
৫.	**ঋণগ্রহীতা ঃ** মি. সৌরভ সরকার **সহ-ঋণগ্রহীতা ঃ** মিসেস বিপাশা সরকার	৩১.১২.২০২৫ তারিখে ৩৪,৪৪,৬৪৩ টাকা	১৮.০২.২০২৬	১৪.১০.২০২৬ (প্রতীকী অধিগ্রহণ)	আবাসিক ফ্ল্যাট ৩বি-এর সমগ্র অংশ, যার সুপার বিল্ট আপ এরিয়ার পরিমাপ কমবেশি ১০৫০ বর্গফুট (৯৭.৫৮ বর্গমিটার), দক্ষিণ-পূর্ব দিকে, ফ্লোর-৩, বিল্ডিংটি যে বাস্তু জমির সম্পূর্ণ ও অবিচ্ছেদ্য অংশে নির্মিত তার পরিমাপ কমবেশি ৫ কাঠা ১৪ ছটাক (৩৯৩.১২ বর্গমিটার) যার সন্নিহিত ই.পি. নং ২৭৬, এস.পি. নং ৮৬০, সি.এস. দাগ নং ২৮৬(পি), ২৮৯(পি), ২৮৫(পি), মৌজা-রায়পুর, জে.এল. নং ৩৩, কলকাতা পৌরসংস্থার সীমার অন্তর্গত, বিইং প্রেমিসেস-৩৪৯/৩০৯ নেতাজী সুভাষচন্দ্র বোস রোড, ডাকঠিকানা ঃ ৮/৮১এ, নেতাজী নগর, ওয়ার্ড-৯৮, থানা-যাদবপুর (পূর্বে), এখন নেতাজী নগর, কলকাতা-৭০০০৯২, তৎসমেত জমির অবিভক্ত আনুপাতিক অংশ এবং সেখানে স্থিত বর্তমানের ও ভবিষ্যতের নির্মাণ (আলোচ্য সম্পত্তি)। পরিসরের চারদিকের পরিসীমা নিম্নলিখিতমতো ঃ উত্তরে ঃ ১২ ফুট চওড়া কেএমসি রোড, দক্ষিণে ঃ ৮/৮১বি, নেতাজী নগর, পূর্বে ঃ ৮/৮১, নেতাজী নগর, পশ্চিমে ঃ ৮/৮০ নেতাজী নগর।
৬.	**ঋণগ্রহীতা ঃ** মিসেস রাজশ্রী ঘোষ **সহ-ঋণগ্রহীতা ঃ** মি. সঞ্জীব ব্যানার্জি	৩০.০৪.২০২৬ তারিখে ২৫,১৭,৫২৮ টাকা	১৫.০৫.২০২৬	১৪.১০.২০২৬ (প্রতীকী অধিগ্রহণ)	সেল্ফ-কন্টেনড্ ফ্ল্যাটের সমগ্র অংশ যার পরিমাপ কমবেশি প্রায় ৮৭৫ বর্গফুট (৮১.৩১ বর্গমিটার), ফ্ল্যাট নং ৩, উত্তর অংশে, **''বাসন্তী ভিলা''** নামক বিল্ডিংয়ের দ্বিতীয় তলে সুপার বিল্ট আপ এরিয়া সম্বলিত, প্রেমিসেস নং ৩৬১ এবং যে বাস্তু জমির সম্পূর্ণ ও অবিচ্ছেদ্য অংশে নির্মিত তার পরিমাপ প্রায় ৩ কাঠা ২ ছটাক (২০৯.০৩ বর্গমিটার), সিএস দাগ নং ৭, যার অধীনে সিএস খতিয়ান নং ৫৪৬, আরএস খতিয়ান নং ১৪৯৭, আরএস দাগ নং ৭, ৭/১৬২৭, ৭/১৬২৮ এবং ৭/১৬৩০, এলআর খতিয়ান নং ৪৭৪৭ থেকে ৪৭৫২, দাগ নং ৭, মৌজা-হরিদেবপুর, জেএল নং ২৫, আরএস নং ৩৫, তৌজি নং ৩৫৫৮, পরগনা-খাসপুর, থানা-পূর্বে ঠাকুরপুকুর এখন হরিদেবপুর, এডিএসআর অফিস যেখানে বেহালা, দক্ষিণ ২৪ পরগনা এবং কলকাতা পৌরসংস্থার সীমার অন্তর্গত, ওয়ার্ড নং ১১৫, পুটিয়ারি পঞ্চাননতলা রোড, কলকাতা- জমির অবিভক্ত আনুপাতিক অংশ এবং সেখানে স্থিত বর্তমানের ও ভবিষ্যতের নির্মাণ (আলোচ্য সম্পত্তি)। পরিসরের চারদিকের পরিসীমা নিম্নলিখিতমতো ঃ উত্তরে ঃ মি. চন্দ এবং অন্যের জমি ও বাড়ি, দক্ষিণে ঃ ১২ ফুট চওড়া কেএমসি রোড, পূর্বে ঃ অনিল গুহ ঠাকুরতার জমি ও বাড়ি, পশ্চিমে ঃ ১২ ফুট চওড়া কেএমসি রোড।
৭.	**ঋণগ্রহীতা ঃ** অ্যাডভোকেট রুদ্রনীল মিত্র **সহ-ঋণগ্রহীতা ঃ** মি. উৎপল মিত্র	৩১.০৫.২০২৬ তারিখে ৩২,৯৭,১৩১ টাকা	৩১.০৭.২০২৬	১৪.১০.২০২৬ (প্রতীকী অধিগ্রহণ)	ফ্ল্যাট নং ১সি নামিত সম্পত্তি, পরিমাপ আনুমানিক ৯৮৬ বর্গফুট (৯১.৬৩ বর্গমিটার), দ্বিতীয় তলে, তৎসহ একত্রে একটি আচ্ছাদিত কার পার্কিং স্পেস যেটি বিল্ডিংয়ের একতলায় একটি মাঝারি মাপের গাড়ি পার্কিংয়ের জন্য চিহ্নিত নং ১৫, বিল্ডিংটি যে জমিতে নির্মিত তার পরিমাপ কমবেশি ২৩ কাঠা , যেখানে স্থিত মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ৬/১/১, অনিল মৈত্র রোড (পূর্বে স্যুইনহো স্ট্রিট নামে পরিচিত), কলকাতা পৌরসংস্থার ৬৮ নং ওয়ার্ডের সীমার অন্তর্গত, থানা-গড়িয়াহাট, জেলা ঃ দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা-৭০০০১৯, তৎসমেত জমির অবিভক্ত আনুপাতিক অংশ এবং সেখানে স্থিত বর্তমানের ও ভবিষ্যতের নির্মাণ (আলোচ্য সম্পত্তি)। পরিসরের চারদিকের পরিসীমা নিম্নলিখিতমতো ঃ উত্তরে ঃ ২০ ফুট চওড়া কমন রোড, দক্ষিণে ঃ অনিল মৈত্র রোড, পূর্বে ঃ ৬/৫, অনিল মৈত্র রোড, পশ্চিমে ঃ ১৬ ফুট চওড়া কমন প্যাসেজ।

* পেমেন্টের এবং/বা আদায়ের তারিখ পর্যন্ত প্রযোজ্যমতো পুনরায় ধার্য সুদ, অর্জিত ইন্সিডেন্টাল এক্সপেন্সেস, কস্টস্, চার্জেস ইত্যাদি সমেত।

অবশ্য, যেহেতু উপরিল্লিখিত ঋণগ্রহীতা/গণ / আইনি উত্তরাধিকারী(গণ) / আইনি প্রতিনিধি(গণ) উপরোক্ত বকেয়া অর্থ পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন, তার প্রেক্ষিতে বিশেষ করে উপরিল্লিখিত ঋণগ্রহীতা/গণ / আইনি উত্তরাধিকারী(গণ) / আইনি প্রতিনিধি(গণ)কে এবং জনসাধারণকে এতদ্বারা বিজ্ঞপ্তি মারফত জানানো হচ্ছে যে, **এইচডিএফসি**-এর অনুমোদিত অফিসার/গণ উপরোক্ত তারিখে উক্ত রুলের রুল ৮ সহ পঠিত উক্ত আইনের ধারা ১৩(৪)-এর অধীনে তাঁর/তাঁদের ওপর ন্যস্ত ক্ষমতাবলে উপরিবর্ণিত স্থাবর সম্পত্তি(সমূহ)/সিকিওরড্ অ্যাসেট(সমূহ)-এর প্রতীকী অধিগ্রহণ করেছেন।

বিশেষ করে উপরিল্লিখিত ঋণগ্রহীতা(গণ) / আইনি উত্তরাধিকারী(গণ) / আইনি প্রতিনিধি(গণ)কে এবং জনসাধারণকে উপরিল্লিখিত স্থাবর সম্পত্তি(সমূহ) / সিকিওরড্ অ্যাসেট(সমূহ) নিয়ে লেনদেন না করতে সতর্ক করা হচ্ছে এবং উক্ত স্থাবর সম্পত্তি(সমূহ)/সিকিওরড্ অ্যাসেট(সমূহ) নিয়ে এরূপ কোনও লেনদেন করা হলে তা **এইচডিএফসি**-এর বন্ধকসাপেক্ষে গণ্য করা হবে।

সিকিওরড্ অ্যাসেট/সমূহ রিডিম করতে প্রাপ্তব্য সময় সম্পর্কে আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৮)-এর সংস্থানের প্রতি ঋণগ্রহীতা(গণ) / আইনি উত্তরাধিকারী(গণ) / আইনি প্রতিনিধি(গণ)-এর মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

পঞ্চনামার এবং ইনভেন্ট্রির কপি নিম্নস্বাক্ষরকারীর কাছে পাওয়া যাবে এবং যে কোনও কাজের দিন সাধারণ কাজের সময়ে নিম্নস্বাক্ষরকারীর থেকে সংশ্লিষ্ট কপি সংগ্রহ করতে উপরোক্ত ঋণগ্রহীতা (গণ) / আইনি উত্তরাধিকারী(গণ) / আইনি প্রতিনিধি(গণ)কে অনুরোধ জানানো হচ্ছে।

এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর তরফে
স্বাঃ অভীক মুখার্জি / সন্দীপন ভট্টাচার্য / প্রসূন ব্যানার্জি
অনুমোদিত অফিসারগণ

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ১৬.১০.২০২৬

রেজিস্টার্ড অফিস ঃ এইচডিএফসি ব্যাঙ্ক হাউস, সেনাপতি বাপত মার্গ, লোয়ার প্যারেল (ওয়েস্ট), মুম্বাই-৪০০০১৩

পঞ্জাব নৈশনাল বৈঙ্ক pnb punjab national bank
(भारत सरकार का उपक्रम) (Govt. Of India Undertaking)

সার্কল অফিস এসএএম, কলকাতা সাউথ, ইউনাইটেড টাওয়ার (১০ম তল) ১১, হেমন্ত বসু সরণী, কলকাতা-৭০০০০১
ই-মেল ঃ cokolsouthsam@pnb.bank.in

স্থাবর সম্পত্তিসমূহ বিক্রয়ের জন্য বিক্রির বিজ্ঞপ্তি

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেট্স অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এ প্রদত্ত সংস্থানের অধীনে স্থাবর সম্পদসমূহ বিক্রয়ের জন্য ই-অকশন বিক্রির বিজ্ঞপ্তি। জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ) এবং গ্যারান্টার(গণ)কে এতদ্বারা বিজ্ঞপ্তি মারফত জানানো হচ্ছে যে সিকিওরড্ ক্রেডিটরের কাছে বন্ধকীকৃত/চার্জড নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি, যা ব্যাঙ্ক/সিকিওরড্ ক্রেডিটরের অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক (কনস্ট্রাকটিভ)/ বাস্তব (ফিজিক্যাল) / প্রতীকী (সিম্বলিক) অধিগ্রহণ করা হয়েছে, সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) এবং গ্যারান্টার(গণ)-এর থেকে ব্যাঙ্ক/সিকিওরড্ ক্রেডিটরের পাওনাবাবদ অর্থ আদায়ের জন্য, নিচের সারণীতে উল্লিখিত তারিখে **'যেখানে যেমন আছে', 'সেখানে যা কিছু আছে' এবং 'যা কিছু যেমনভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। সংশ্লিষ্ট সম্পত্তিসমূহের প্রেক্ষিতে নিচের সারণীতে উল্লিখিত সংরক্ষিত মূল্য ও বায়নামূল্য জমা উল্লেখ করা আছে।

সিকিওরড্ অ্যাসেটসমূহের শিডিউল

ক্রঃ নং	শাখার নাম / অ্যাকাউন্টের নাম / ঋণগ্রহীতার / গ্যারান্টারগণের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	বন্ধকীকৃত স্থাবর সম্পত্তিসমূহের বিবরণ / মালিকের নাম (সম্পত্তির(সমূহের) বন্ধকদাতাগণ) ল্যাট ঃ , লঙ্গ ঃ সম্পত্তির কিউআর কোড	ক) ডিম্যান্ড নোটিসের তারিখ খ) বকেয়া পরিমাণ গ) অধিগ্রহণের তারিখ ঘ) অধিগ্রহণের ধরন ঙ) ডিলিং আধিকারিক	ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি (ইএমডি-র শেষ তারিখ) গ) বিড বৃদ্ধির পরিমাণ ঘ) ই-অকশনের তারিখ / সময় ঙ) এনকামব্র্যান্স, যদি থাকে
১.	**শাখা ঃ গড়িয়া স্টেশন রোড (০৮৬৪২০)** **মেসার্স এসকে লেদার (স্বত্বাধিকারী ঃ মি. সাধন কর)** হোল্ডিং নং ১৭৪৩, পাঁচপোতা পুলিশ পাড়া, থানা- নরেন্দ্রপুর, পোঃ- পাঁচপোতা, নেতাজী সুভাষ ইঞ্জিনিয়ারিং কলেজের বিপরীতে, গড়িয়া, কলকাতা–৭০০১৫২, জেলা-দক্ষিণ ২৪ পরগনা অ্যাকাউন্ট ঃ **১২৪১৪০১৫০০১৪৭৪ ও অন্যান্য** **প্রপ. আইডি ঃ PUNBSKLEATHER**	একতলা এবিএস শেডের ইঁটের তৈরি আবাসিক বিল্ডিং সমেত **০১ কাঠা ১৪ ছটাক ৩২ বর্গফুট বা ১.৯১ কাঠা জমির** ইক্যুইটেব্‌ল মর্টগেজ যেখানে স্থিত হোল্ডিং নং ১৭৪৩, পাঁচপোতা, মৌজা পাঁচপোতা, জে.এল. নং ৪২, আরএস নং ১১, তৌজি নং ২৫০, দাগ নং ৪৯ (অংশ) আরএস খতিয়ান নং ৩৯৯/৪০০, এলআর দাগ নং ৫৭, এলআর খতিয়ান নং ২০৭৬, রাজপুর সোনারপুর পৌরসভার অধিক্ষেত্রে, ওয়ার্ড নং ৩(২), **নেতাজী সুভাষ ইঞ্জিনিয়ারিং কলেজের বিপরীতে,** পোঃ-পাঁচপোতা, থানা-নরেন্দ্রপুর (পূর্বে সোনারপুর), **কলকাতা-৭০০ ১৫২, জেলা-২৪ পরগনা দক্ষিণ, পশ্চিমবঙ্গ।** শ্রী সাধন কর-এর নামে সম্পত্তি, পিতা প্রয়াত নগেন্দ্রনাথ কর যা অনুযায়ী সেল ডিড্ নং আই-৭০৯৮ ফর দ্য ইয়ার ২০০৯, ডিএসআর-৪, দক্ষিণ ২৪ পরগনাতে রেজিস্টার্ড। ল্যান্ডেড প্রপার্টি/বিল্ডিংয়ের বর্তমানে চারদিকের পরিসীমা নিম্নরূপ ঃ উত্তরে–দিলীপ দাসের সম্পত্তি, দক্ষিণে–অন্যের দুইতলা বিল্ডিং, পূর্বে–৮ ফুট কমন প্যাসেজ, পশ্চিমে–মানিক করের সম্পত্তি। **অবস্থান ঃ ল্যাট ঃ ২২.৪৭৫৩৮৯, লঙ্গ ঃ ৮৮.৪১৪৮৩৪**	ক) ০৭.০৪.২০২৬ খ) ৮৬,১২,১৫৬.৬৯ টাকা ৩১.০৩.২০২৬ তারিখে এবং পুনরায় ধার্য সুদ ও চার্জসমূহ গ) ১২.০৬.২০২৬ ঘ) প্রতীকী অধিগ্রহণ (এসিজেএম-এর অর্ডার পাওয়া গেছে) ঙ) যোগাযোগ ঃ প্রসেনজিত চৌধুরী, ৯৮৩১৩৬৮৯৫৪	ক) ২৯,৩৮,০০০ টাকা খ) ২,৯৩,৮০০ টাকা (০৩.১১.২০২৬) গ) ২৫,০০০ টাকা ঘ) ০৩.১১.২০২৬ বেলা ১১টা থেকে বিকাল ৪টা ঙ) এসএ/৪১০/২০২৬ ডিআরটি-৩, কলকাতা
২.	**শাখা ঃ যাদবপুর বিদ্যাপীঠ (১৫১৭২০)** **মি. রাজু মণ্ডল** পিতা জিতেন মণ্ডল ৪৯, বিধান পল্লী, থানা-যাদবপুর, কলকাতা-৭০০০৩২ এবং এ-১৫, নারকেল বাগান, গড়িয়া, থানা-বাঁশদ্রোনী, কলকাতা-৭০০ ০৮৪ **অ্যাকাউন্ট ঃ ০১০৩৩০০৫০০০১২** **প্রপ. আইডি ঃ PUNBRAJUMONDAL**	সেল্ফ-কন্টেনড্ আবাসিক ফ্ল্যাট নং ০২-এর সম্পূর্ণ ও অবিচ্ছেদ্য অংশ, **''শারণ্য''** নামক সোজা তিনতলা বিল্ডিংয়ের **একতলার** পিছন দিকে, যার **সুপার বিল্ট আপ এরিয়ার পরিমাপ কমবেশি ৯০০ বর্গফুট, যাতে রয়েছে ৩ বেডরুম, ১ ড্রইং কাম ডাইনিং, ১ কিচেন, ১ টয়লেট, ডব্লু.সি. এবং এক বারান্দা,** তৎসহ একত্রে প্রায় ৩ কাঠা ১১ ছটাক ৩১ বর্গফুট পরিমাপের জমির অবিভক্ত আনুপাতিক অংশ, যেখানে স্থিত ও রয়েছে মৌজা-কামডহরি, জে.এল. নং ৪৯, তৌজি নং ১৪, যা সম্বলিত আরএস দাগ নং ৪৩৯/১৪৪৭, আরএস খতিয়ান নং ৭২৬, যার সংলগ্ন সিএস দাগ নং ৪৩৯, সিএস খতিয়ান নং ৩২৬, কেএমসি ওয়ার্ড নং ১১১-এর অন্তর্গত, **প্রেমিসেস নং ৬০ নারকেল বাগান (ডাকঠিকানা এ-১৫ নারকেল বাগান) গড়িয়া থানা-বাঁশদ্রোনী** (পূর্বে রিজেন্ট পার্ক), কলকাতা-৭০০০৮৪। সম্পত্তি যাঁর নামে মি. রাজু মণ্ডল, পিতা-জিতেন মণ্ডল, যা অনুযায়ী ডিড্